

1. গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রাম কী?

ব্যতিক্রমী শিক্ষার্থীদের বিশেষায়িত শিক্ষানির্দেশনা দিয়ে সহায়তার করা জন্য NYCDOE-এর একটি মাধ্যম হলো গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রাম।

যে সকল শিক্ষার্থী সামগ্রিক 90 অথবা তার উপরে G&T স্কোর অর্জন করে, তারা ডিস্ট্রিক্ট G&T প্রোগ্রামগুলোতে আবেদনের যোগ্য হবে। ডিস্ট্রিক্ট G&T কর্মসূচি ডিস্ট্রিক্ট এলিমেন্টারি স্কুলগুলোয় প্রদান করা হয়, এবং স্কুল পরিষেবিত স্থানীয় কম্যুনিটিতে বসবাসকারী শিক্ষার্থীদের ভর্তিতে অগ্রাধিকার দেয়। ডিস্ট্রিক্ট G&T প্রোগ্রামের শিক্ষার্থীদেরকে প্রধান বিষয়ের ক্লাসের জন্য একত্রিত করে গ্রুপ করা হয়, তবে অন্যান্য ক্লাসের (যেমন ফিজিক্যাল এডুকেশন অথবা আর্ট) জন্য G&T ক্লাসে নেই, তাদের সাথে একত্রে কর্মসূচি করা যেতে পারে।

যে সকল শিক্ষার্থী সামগ্রিক 97 অথবা তার উপরে G&T স্কোর অর্জন করে, তারা ডিস্ট্রিক্ট ও সিটিওয়াইড G&T প্রোগ্রাম, উভয়টিতে আবেদনের যোগ্য হবে। সিটিওয়াইড G&T স্কুলগুলি সব বরোর শিক্ষার্থীদের গ্রহণ করে, যেখানে বসবাসের ডিস্ট্রিক্টের জন্য কোন অগ্রাধিকার থাকে না। এসব স্কুলের সব শিক্ষার্থী G&T কর্মসূচিতে থাকে; এগুলোতে কোন জোনভুক্ত শিক্ষার্থী থাকে না। সিটিওয়াইড G&T স্কুলগুলোর স্কুল-ভিত্তিক মডেল আছে যা বিশেষভাবে নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য পার্যক্রম ও শিক্ষানির্দেশনা অনুশীলনী বাস্তবায়ন করে।

কিছু কিছু G&T প্রোগ্রাম আছে যা গ্রেড 3 থেকে শুরু হয়। শিক্ষার্থীরা এসব প্রোগ্রামে ভর্তি হয় বহুসংখ্যক পরিমাপকের ভিত্তিতে, যেগুলোর মধ্যে আছে: রিপোর্ট কার্ডে প্রদর্শিত প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার গ্রেড; উপস্থিতি; এবং প্রতিভার আচরণগত লক্ষণ, যেমন অতিমাত্রায় আগ্রহী, অনুপ্রাণিত, ও স্বরিং শিক্ষণ, ইত্যাদি প্রকাশের মাধ্যমে।

প্রতিবন্ধিতামুক্তসহ যেসব শিক্ষার্থী G&T প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করবে, NYCDOE সকল শিক্ষার্থীদের পরিষেবাদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

2. প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীরা কী G&T প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে?

হ্যাঁ। সকল শিক্ষার্থী- প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীসহ- যারা কিন্ডারগার্টেন থেকে তৃতীয় গ্রেডে ক্লাস শুরু করবে, তাদেরকে G&T ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে উৎসাহিত করা হয়। প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীদের যারা কোন G&T প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করে, তারা G&T প্রোগ্রামের জন্য প্রয়োজনীয় পরিষেবা ও সহায়তা লাভ করবে। কোন শিক্ষার্থীর প্রতিবন্ধিতা তার G&T প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বাধা নয়, এবং G&T প্রোগ্রাম স্পেশাল এডুকেশন সার্ভিস পাওয়ার জন্য বাধারস্বরূপ নয়। NYCDOE কীভাবে প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে, সে বিষয়ে আরও তথ্যের জন্য [Family Guide to Special Education Services for School-Age Children](#) দেখুন।

3. G&T ভর্তি প্রক্রিয়া কী প্রতিবন্ধিতার অবস্থানের বিষয়কে পুরোপুরি উপেক্ষা করে?

হ্যাঁ। শিক্ষার্থীরা G&T পরিষেবা লাভ করে যোগ্যতা পরিমাপক মানদণ্ডের এবং আসনের লভ্যতার ভিত্তিতে, তাদের কোন IEP (ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম), IESP (ইনডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম) কিংবা 504 বিশেষ সহায়তার ব্যবস্থা আছে কি-না, এসটা বিবেচনা ছাড়া। যেসব শিক্ষার্থীকে স্পেশালাইজড ট্রান্সপোর্টেশন সার্ভিস সুপারিশ করা

হয়, তারা G&T সাইটে তা পেতে পারে। অন্যসব শিক্ষার্থী অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশনের নির্ধারিত [রুপরেখায়](#) নির্দেশনা অনুযায়ী যাতায়াত সুবিধা লাভ করে।

4. যখন কোন প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী কোন G&T প্রোগ্রামে ভর্তির সুযোগ লাভ করে, তখন কী করতে হবে?

যখন IEP বা IESP আছে, এমন কোন শিক্ষার্থী কোন G&T প্রোগ্রামে ভর্তির জন্য গৃহীত হয়, তখন গ্রাহক স্কুলের IEP টিম সে শিক্ষার্থীর IEP বা IESP পর্যালোচনা করে, শিক্ষার্থীর সক্ষমতা ও দুর্বলতার দিকগুলো বিবেচনা করে, এবং শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য পরিবারের সাথে মিলিতভাবে কাজ করে। IEP এবং 504 পরিকল্পনা আছে যেসব শিক্ষার্থীর, সাধারণ শিক্ষার সহপাঠী শিক্ষার্থীদের পাশাপাশি সম্ভাব্য ন্যূনতম নিষেধাঙ্কক পরিবেশে তাদের শিক্ষাদান করা হয়।

শিক্ষার্থীরা G&T প্রোগ্রামে কতো উচ্চ-স্তরের শিক্ষানির্দেশনা গ্রহণ করবে তা কীভাবে শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক ও মানসিক-আবেগজনিত চাহিদা পূরণ করবে, সেই কাঠামোতে শিক্ষার্থীদের আবশ্যিক স্পেশাল এডুকেশন সার্ভিস ও সহায়তার ধরণ নির্ধারণের জন্য IEP টিমগুলো সেটা বিবেচনা করবে। এছাড়াও G&T প্রোগ্রামে বদলি হয়ে আসছে, এমন শিক্ষার্থীদের IEP-তে উল্লিখিত কোন সহায়তার যদি প্রয়োজন হয়, IEP টিমগুলো সেগুলো প্রাপ্তি নিশ্চিত করবে। সার্ভিস ও সহায়তায় কোন পরিবর্তনের কথা গভীরভাবে বিবেচনা করতে হলে স্কুল শিক্ষার্থীর বর্তমান প্রয়োজনের প্রতিফলনের জন্য মূল্যায়নকে হালনাগাদ করবে।

5. প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীরা কী G&T পরীক্ষায় বিশেষ সহায়তার ব্যবস্থা পেতে পারে?

হ্যাঁ। যাদের IEP, IESP, বা 504 পরিকল্পনা আছে, এমন শিক্ষার্থীসহ যেসব শিক্ষার্থীর পরীক্ষায় বিশেষ সহায়তার ব্যবস্থা প্রয়োজন, তারা G&T পরীক্ষায় বিশেষ ব্যবস্থার সুবিধা পেতে পারে ততক্ষণ পর্যন্ত, যতক্ষণ পর্যন্ত না তা পরীক্ষার বিষয়বস্তুতে তা কোন পরিবর্তন না করে।

সকল শিক্ষার্থীর জন্য G&T পরীক্ষা সময়সীমাহীন, এবং সকল শিক্ষার্থীকে পরীক্ষার সময় বিরতির সুযোগ দেওয়া হয় যাতে তাদের কোন একক একটি কাজে প্রয়োজনীয় অভিনিবিষ্ট সময় হ্রাস করা যায়। প্রিন্সিপালগার্টেন শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হয়ওয়ান-অন-ওয়ান (একজন একজন) ভিত্তিতে, যেখানে পরীক্ষক লিপিকারের ভূমিকা পালন করেন।

6. প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীরা কীভাবে G&T পরীক্ষায় বিশেষ সহায়তার ব্যবস্থার জন্য অনুরোধ জানাতে পারে?

পরিবারসমূহ সন্তানকে G&T পরীক্ষা দেওয়াতে আগ্রহী হলে তারা একটি রিকোয়েস্ট ফর টেস্টিং (পরীক্ষা দেওয়ার আবেদন, RFT) জমা দেবে। পরিবারসমূহ RFT [অনলাইনে](#) বা [G&T হ্যান্ডবুকে](#) দেওয়া আবেদনপত্র ব্যবহার করতে পারেন।

পরিবারসমূহের RFT-এর "টেস্টিং সার্ভিসেস ইনফরমেশন" সেকশনে পরীক্ষায় বিশেষ সহায়তার ব্যবস্থার কথা জানিয়ে দেওয়ার, পাশাপাশি সন্তানের প্রত্যাশিত পরীক্ষার ভাষার কথা উল্লেখ করার সুযোগ রয়েছে। পরিবারসমূহ তাদের সন্তানের জন্য বড় প্রিন্টের পরীক্ষার বুকলেট বা পরীক্ষায় অন্য কোন ব্যবস্থা গ্রহণের কথা জানাতে পারবে। যেসব পরিবার পরের

বিকল্প বেছে নেবেন, অনুরোধকৃত বিশেষ সহায়তা লাভের যোগ্যতা নিশ্চিত হওয়ার জন্য তাদের সাথে NYCDOE সরাসরি যোগাযোগ করবে।

যেসব শিক্ষার্থী বর্তমানে কোন NYCDOE স্কুলে যাচ্ছে (প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থী ছাড়া), তাদের স্কুলে কর্মদিবসে পরীক্ষা নেওয়া হয়। পরীক্ষায় বিশেষ সহায়তার নির্ধারণের সময় পরীক্ষা সমন্বয়কারী সকল শিক্ষার্থীর চাহিদার কথা বিবেচনা করেন। প্রি-কিন্ডারগার্টেন, চার্টার স্কুল, এবং বেসরকারি স্কুলের পরীক্ষা নেওয়া হয় উইকঅ্যান্ড-এ। যদি কোন শিক্ষার্থীর IEP, IESP, কিংবা 504 পরিকল্পনা না থাকে, তাহলে NYCDOE বিশেষ সহায়তার ব্যবস্থার জন্য অন্যান্য কাগজপত্র বিবেচনা করবে।

7. বিশেষ সহায়তার ব্যবস্থা প্রত্যাখ্যাত হলে প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীদের পরিবার কীভাবে আপিল করবে?

যদি পরিবারসমূহ সন্দেহ করে যে বিশেষ সহায়তা সুবিধার অস্বার্থ বাস্তবায়নসহ G&T পরীক্ষায় কোন ভুল করা হয়েছে, তাহলে তাদেরকে ServiceCenter@schools.nyc.gov ঠিকনায় ইমেইল করে বা নিচের ঠিকানায় চিঠি লিখে তা জানাতে হবে:

Office of Assessment
G&T Test Administration
44-36 Vernon Boulevard
Room 202
Long Island City, NY 11101

আপিল প্রক্রিয়ার সুনির্দিষ্ট সময়সীমা এবং নীতিমালা জানতে হলে অনুগ্রহ করে [G&T Handbook](#) দেখুন।

8. প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীরা G&T প্রোগ্রামে কীভাবে সহায়তা লাভ করে?

NYCDOE প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীদেরকে G&T প্রোগ্রামের জন্য তাদের প্রয়োজনীয় সার্ভিস ও সহায়তা প্রদান করে। শিক্ষানির্দেশনাগত কৌশল ও উপকরণের ব্যাপারে বিভিন্ন স্কুলের G&T প্রোগ্রাম বিভিন্ন রকম হয়। G&T কাঠামোয় আছে বলে প্রতিবন্ধিতামুক্ত শিক্ষার্থীদের প্রাপ্য এসব সহায়তার কোনটি তাদেরকে দিতে অস্বীকার করা যাবেনা এবং G&T ক্লাসের উত্তরণের সহায়তার জন্য তারা প্রয়োজনীয় বাড়তি সহায়তা পেতে পারে।

9. G&T ক্লাসে অন্তর্ভুক্তির পর শিক্ষার্থীদেরকে কী স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য মূল্যায়ন করা যাবে?

হ্যাঁ। সকল শিক্ষককে অবশ্যই সেসব শিক্ষার্থীদেরকে সনাক্ত করতে হবে যাদের স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবার প্রয়োজন, এবং সকল শিক্ষার্থীকে অবশ্যই প্রি-রেফারাল সার্ভিস লাভের সুযোগ এবং স্পেশাল এডুকেশন সার্ভিস শুরুর পূর্বে প্রমাণ-ভিত্তিক সাক্ষরতা হস্তক্ষেপ লাভের সুযোগ থাকতে হবে।

G&T ক্লাসের কোন শিক্ষার্থীর প্রতিবন্ধিতা রয়েছে বলে যদি সন্দেহ হয়, তাকে মূল্যায়নের জন্য পাঠাতে হবে। পিতামাতা রেফারেলের জন্য প্রেরণ করতে পারবেন। স্কুল সে শিক্ষার্থীর মূল্যায়নের জন্য এবং, যদি সে যোগ্য বলে বিবেচিত হয়, তাহলে

তার IEP তৈরির জন্য স্কুল দায়বদ্ধ থাকবে। যদি শিক্ষার্থী স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য বলে বিবেচিত হয়, তাহলে সে G&T প্রোগ্রামে যাওয়া অব্যাহত রাখতে পারবে এবং স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবা লাভ করবে।